

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়  
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নং ৩৩.০১.৯০৩২.০০০.০১.০০১.এলএসপি নিয়োগ:১৯-২০/১৬৩


তারিখ:-২৮/০৭/২০১৯খ্রী:

**নোটিশ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে ০১(এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider(LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। অত্রীদের আগামী ২১/০৮/২০১৯ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বংশীকুন্ডা উত্তর ও দক্ষিণ ০১জন, চামরদানী ০১জন, মধ্যনগর ০১ জন, পাইকুরাটি ০১ জন, ধর্মপাশা সদর ও সেলবরষ ০১ জন, জয়শ্রী ০১ জন, সুখাইড় রাজাপুর উত্তর ও দক্ষিণ ০১ জন মোট ০৭ জন এলএসপি নিয়োগ করা হবে।

**যোগ্যতা ও অভিজ্ঞতা:**

১. সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি লাগবে
৩. ২৫-৪৫ বছরের পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লেখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্রে বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং এনএটিপি ও সীলদের আবেদন করার প্রয়োজন নেই।

  
(ডাঃ মোহাম্মদ আব্দুর রহিম মিয়া)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
ধর্মপাশা, সুনামগঞ্জ।

বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।


- ১। উপজেলা নিবাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নং ৩৩.০১.৯০৩২.০০০.০১.০০১.এলএসপি নিয়োগ:১৯-২০/১৬৩(৩)

তারিখ:-২৮/০৭/২০১৯খ্রী

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ২। নোটিশ বোর্ড
- ৩। অফিস নথি।

  
(উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা)  
ধর্মপাশা, সুনামগঞ্জ।